NYC Mayor's Office of Immigrant Affairs

# ভ্রমণ-সংক্রান্ত পরামর্শ: বিমানবন্দরে ICE

*Bangla • July 2026*

## প্রয়োজনে একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করুন

আপনার যদি অভিবাসন-সংক্রান্ত কোনো মামলা চলমান থাকে, তবে ভ্রমণ বা বিমানবন্দরে যাওয়ার আগে একজন অভিবাসন আইনজীবীর সঙ্গে কথা বলার বিষয়টি বিবেচনা করুন।

একজন আইনজীবী, বন্ধু, পরিবারের সদস্য কিংবা জরুরি যোগাযোগের জন্য নির্ধারিত ব্যক্তির ফোন নম্বর নিজের কাছে রাখুন। নম্বরগুলো মুখস্থ করার চেষ্টা করুন অথবা আপনার সঙ্গে বহন করুন।

আপনার অবস্থান সম্পর্কে কোনো বিশ্বস্ত বন্ধু, পরিবারের সদস্য অথবা জরুরি যোগাযোগের জন্য নির্ধারিত ব্যক্তিকে জানিয়ে রাখুন।

আপনার বিশ্বস্ত বন্ধু, পরিবারের সদস্য অথবা জরুরি যোগাযোগের জন্য নির্ধারিত ব্যক্তিকে আপনার ফ্লাইটের তথ্য জানিয়ে রাখুন।

## মা-বাবাদের জন্য বিশেষ বিবেচনার বিষয়

পরিবারগুলো তাদের সন্তানদের দেখাশোনা করার জন্য একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে মনোনয়ন বা অভিভাবকত্বের মাধ্যমে নিযুক্ত করার বিষয়টি বিবেচনা করে দেখতে পারে। আপনার পরিবারের জন্য ঠিক কোন পদক্ষেপটি উপযুক্ত হবে, তা বোঝার লক্ষ্যে-এই পদক্ষেপগুলো গ্রহণ করার পূর্বে, আমরা আপনাদের একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করার জন্য বিশেষভাবে উৎসাহিত করছি।

আরও তথ্যের জন্য, QR কোড স্ক্যান করে অথবা **www.nyc.gov/knowyourrights** এই ওয়েবসাইটে গিয়ে আমাদের 'অভিবাসী মা-বাবা ও পরিচর্যাকারীদের জন্য তথ্য' শীর্ষক প্রচারপত্রটি দেখুন।

আপনার নির্দিষ্ট পরিস্থিতির বিষয়ে দিকনির্দেশনার জন্য, অভিবাসন-সংক্রান্ত আইনি সহায়তা কীভাবে এবং কোথায় পাওয়া যাবে—সে সম্পর্কে তথ্য পেতে অনুগ্রহ করে সিটি সরকার-অর্থায়িত, MOIA-র সম্পূর্ণ বিনামূল্যে এবং নিরাপদ 'অভিবাসন আইনি সহায়তা হটলাইন'-এ ফোন করুন। নিউ ইয়র্ক সিটির যেসব বাসিন্দা নির্দিষ্ট আয়ের শর্তাবলি পূরণ করেন, তাঁদের জন্য রয়েছে বিনামূল্যে আইনি সহায়তা।

**800-354-0365**

Mayor's Office of Immigrant Affairs

# ভ্রমণ-সংক্রান্ত পরামর্শ: বিমানবন্দরে ICE

*Bangla • July 2026*

## গুরুত্বপূর্ণ নথিপত্রের মুদ্রিত কপি সঙ্গে আনুন

বৈধভাবে অবস্থানের প্রমাণপত্র, যেমন—একটি বৈধ ভিসা, গ্রিন কার্ড, কাজের অনুমতিপত্র অথবা কোনও বিচারাধীন আবেদনের প্রাপ্তিস্বীকারপত্র।

আপনার মামলাটি যদি নিষ্পত্তি হয়ে থাকে, তবে ফৌজদারি আদালতের আদেশের প্রাসঙ্গিক প্রত্যয়িত অনুলিপি। আপনার নির্দিষ্ট পরিস্থিতির জন্য কোন নথিপত্রগুলো প্রাসঙ্গিক, সে বিষয়ে একজন অভিবাসন আইনজীবীর সঙ্গে পরামর্শ করুন।

আপনার টিকিট বা বোর্ডিং পাস।

**এই তথ্যটি শুধুমাত্র সাধারণ শিক্ষামূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে এবং এটি কোনো আইনি পরামর্শ নয়। আপনি বা আপনার পরিচিত কোনো ব্যক্তির যদি অভিবাসন-সংক্রান্ত অবস্থা নিয়ে কোনো উদ্বেগ থাকে এবং আপনারা ভ্রমণের পরিকল্পনা করে থাকেন, তবে আমরা আপনাদের জোরালো পরামর্শ দিচ্ছি যে—ভ্রমণে বের হওয়ার আগেই একজন অভিবাসন আইনজীবীর সঙ্গে কথা বলুন।**